# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**19 NOVEMBER 2024** **7:45—7:55 PM IST**

===========================================================

(১) আগামী বছরের ফেব্রুয়ারি মাসে আসামে পঞ্চায়েত নির্বাচন/ দশ ফেব্রুয়ারির মধ্যে নির্বাচনী প্রক্রিয়া সম্পূর্ণ করতে রাজ্য মন্ত্রীসভার বৈঠকে সিদ্ধান্ত/

(২) করিমগঞ্জ জেলার নাম পরিবর্তন করে 'শ্রীভূমি' করা হচ্ছে বলে মুখ্যমন্ত্রীর প্রকাশ/

(৩) গুয়াহাটির আই আই টি'তে অনুষ্ঠিত 'আমাদের সংবিধান আমাদের সম্মান' শীর্ষক অনুষ্ঠানে কেন্দ্রীয় আইন ও ন্যায় দপ্তরের প্রতিমন্ত্রী অর্জুন রাম মেঘাওয়ালের অংশগ্রহণ/

এবং

(৪) শিলচর শ্যামানন্দ আশ্রমের 'কর্তাবাবা'র গতরাত্রে দেহত্যাগ/ আজ সমাধি/

---

আসামে আগামী বছরের ফেব্রুয়ারি মাসে পঞ্চায়েত নির্বাচন অনুষ্ঠিত হবে । আজ বিকেলে দিসপুরে অনুষ্ঠিত রাজ্য মন্ত্রীসভার বৈঠকের শেষে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মা একথা ঘোষণা করেন। তিনি বলেন যে- রাজ্যে পঞ্চায়েত নির্বাচনের ভোটার তালিক প্রস্তুতির কাজ চলছে । এবং আগামী ৩০শে ডিসেম্বরের মধ্যে ভোটার তালিকা প্রকাশ হয়ে গেলে ফেব্রুয়ারির প্রথম সপ্তাহের মধ্যে নির্বাচন অনুষ্ঠিত হবে । এই নির্বাচন দুটি পর্যায়ে অনুষ্ঠিত হবে । সমগ্র নির্বাচনী প্রক্রিয়া আগামী দশই ফেব্রুয়ারির মধ্যে সম্পূর্ণ

করা হবে বলে ডঃ শর্মা প্রকাশ করেন । পঞ্চায়েত নির্বাচনের জন্য আগামী জানুয়ারি মাসে আনুষ্ঠানিক বিজ্ঞপ্তি জারি করা হবে ।

এছাড়া প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৬শে ফেব্রুয়ারি আসামে আসবেন বলেও মুখ্যমন্ত্রী আজ জানিয়েছেন ।

---------------------------------------------------------------------------------------

করিমগঞ্জ জেলার নাম পরিবর্তন করে শ্রীভূমি করা হচ্ছে । দিসপুরে আজ আয়োজিত সাংবাদিক সম্মেলনে মুখ্যমন্ত্রী ডঃ শর্মা রাজ্য মন্ত্রীসভার আজ অনুষ্ঠিত বৈঠকের বেশকয়েকটি সিদ্ধান্তের বিষয়ে ঘোষণা করে একথা জানান । পরে সামাজিক মাধ্যমেও মুখ্যমন্ত্রী বলেন যে- কবিগুরু রবীন্দ্রনাথ ঠাকুর করিমগঞ্জ জেলাকে শ্রীভূমি বলে বর্ণনা করেছিলেন । শ্রীভূমি- অর্থাৎ মা লক্ষ্মীর ভূমি। আজ আসাম মন্ত্রীসভার এই সিদ্ধান্তের ফলে জনসাধারণের দীর্ঘদিনের দাবী পূরণ হয়েছে বলে তিনি মন্তব্য করেছেন ।

ডঃ শর্মা আরো বলেন যে- আসামের বহু গ্রাম এবং অঞ্চলের নামও পর্যায়ক্রমে পরিবর্তন করা হবে ।

---------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় সরকার সংসদের শীতকালীন অধিবেশনের পূর্বে ২৪ শে নভেম্বর এক সর্বদলীয় বৈঠক আহ্বান করেছে ।বৈঠকে শীতকালীন অধিবেশনের সময় লোকসভা ও রাজ্যসভার কাজকর্ম সুষ্ঠুভাবে চালিয়ে নিয়ে যেতে সব রাজনৈতিক দলের সহযোগিতা কামনা করা হবে ।উল্লেখ্য সংসদের শীতকালীন অধিবেশন আগামী ২৫ শে নভেম্বর থেকে ২০ শে ডিসেম্বর পর্যন্ত অনুষ্ঠিত হবে ।

---------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় আইন ও ন্যায় প্রতি মন্ত্রী  অর্জুন রাম মেঘোয়াল আজ ভারতীয় প্রযুক্তি প্রতিষ্ঠান ( আই আই টি ) গুয়াহাটিতে অনুষ্ঠিত ‘আমাদের সংবিধান আমাদের সম্মান ’কার্যসূচীতে অংশগ্রহণ করে সংবিধানে উল্লেখ করা আমাদের দ্বায়িত্ব ও কর্ত্তব্যের প্রতি সচেতনতা বৃদ্ধি করা এই কার্যসূচীর মূল উদ্দেশ্য বলে জানান ।সংবিধান প্রণেতাদের সম্পর্কে নতুন প্রজন্মের অধিকাংশ যুবক যুবতি অবগত নয় বলে মন্তব্য করে সংবিধানের খসড়া প্রস্তুতকারকদের মধ্যে সমগ্র উত্তরপূর্বাঞ্চলকে প্রতিনিধিত্ব করা সৈয়দ মহম্মদ সাহদুল্লার বিষয়েও অনেকেই অবগত নন বলে তিনি দুখঃ প্রকাশ করেন ।অনুষ্ঠানে আজ সংবিধান গৃহীত হওয়ার ৭৫ বছর উদযাপন উপলক্ষে সংবিধান প্রস্তুত করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করা সংবিধান সভার ১৫ জন মহিলা সদস্যের সম্মানে গাছের চারা রূপন করা হয় ।

---------------------------------------------------------------------------------------

মণিপুরের সার্বিক পরিস্থিতি বর্তমানে নিয়ন্ত্রণে রয়েছে । গতরাত থেকে রাজ্যের কোনোস্থান থেকে কোনোধরণের হিংসাত্মক ঘটনার খবর পাওয়া যায়নি । অশান্ত রাজ্যটির পরিস্থিতি নিয়ন্ত্রণের জন্য কেন্দ্রীয় সরকার অতিরিক্তভাবে কেন্দ্রীয় সংরক্ষিত পুলিশ বাহিনীর ৫০টি কোম্পানি পাঠাবে । কেন্দ্রীয় সরাষ্ট্র মন্ত্রী অমিত শাহ্‌র পৌরহিত্যে গতকাল অনুষ্ঠিত এক উচ্চপর্যায়ের বৈঠকে এই সিদ্ধান্ত গ্রহণ করা হয় । সেই অনুসারে কেন্দ্রীয় সরাষ্ট্র মন্ত্রণালয় অতিরিক্ত আরো পাঁচ হাজার জওয়ান প্রেরণ করবে । এদিকে মণিপুরের সাম্প্রতিক উত্তেজনাকর পরিস্থিতির প্রভাব রাজ্যটির রাজনীতিতেও পরিলক্ষিত হচ্ছে । গতকাল জিরিবামের বিজেপির জেলা পর্যায়ের আটজন কর্মকর্তা দলত্যাগ করার কথা ঘোষণা করেছেন । এন. বীরেন সিংয়ের নেতৃত্বাধীন সরকারের প্রতি কনরাড কে সাংমার নেতৃত্বাধীন এন পি পি দলের সাতজন বিধায়ক সরকার থেকে তাদের সমর্থন প্রত্যাহারের কথা ঘোষণা করেছেন । অন্যদিকে বর্তমান সরকারকে নিঃশর্ত সমর্থন করা নাগা পিপল্‌স ফ্রন্ট রাজ্যের সাম্প্রতিক পরিস্থিতিতে সরকারের প্রতি তাদের সমর্থন কোনোভাবেই প্রত্যাহার করবে না বলে স্পষ্ট করে দিয়েছে ।

---

ভারতীয় প্রতিযোগিতা কমিশন ২০২১ সালে গোপনীয়তা নীতির আপডেট সম্পর্কে সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্ম মেটাকে ২১৩ কোটি ১৪ লক্ষ টাকা জরিমানা করেছে ।কমিশন পরবর্তী ৫ বছর পর্যন্ত বিজ্ঞাপনের উদ্দেশ্যে মেটার মালিকানাধীন অন্য এপ্লিকেশনের সঙ্গে ব্যবহারকারীর তথ্য ভাগাভাগি না করারও নির্দেশ দিয়েছে ।কমিশন জানিয়েছে হোয়াটসএ্যাপ ছাড়া অন্য কোন কারণে তথ্য বিনিময় করাকে ভারতে হোয়াটসএ্যাপ ব্যবহারের পূর্ব শর্ত বলে গণ্য করা যাবেনা ।উল্লেখ্য তথ্য বিনিময় ব্যবস্থা নিয়ে সমগ্র বিশ্বে আলোচনা হওয়ার পর কমিশন ২০২১ সালের মার্চ মাসে এই নীতির বিষয়ে তদন্ত আরম্ভ করেছিল ।এই নীতির অধিনে হোয়াটসএ্যাপ ব্যবহারকারীর তথ্য ফেসবুক ও অন্য সহায়ক কোম্পানীর সঙ্গে বিনিময়ের অনুমতি প্রদান করা হয়েছিল এবং এর ফলে ব্যবহারকারীর গোপনীয়তা ভঙ্গ এবং তথ্যের অপব্যবহার নিয়ে আশংকার সৃষ্টি হয়েছিল ।

---

চলতি বছরের বিগত সেপ্টেম্বর মাসের মধ্যে প্রায় একুশ লক্ষ কর্মচারী রাজ্য বীমা প্রকল্পের আওতায় নাম অর্ন্তভুক্ত করেছেন । কর্মচারী রাজ্য বীমা নিগমের পক্ষ থেকে প্রকাশ করা বিজ্ঞপ্তি অনুযায়ী বিগত সেপ্টেম্বর মাসের মধ্যে কুড়ি লক্ষ ৫৮ হাজার নতুন কর্মচারী নতুন করে নাম পঞ্জীয়ন করেছেন । গত বছরের তুলনায় এইবছরে পঞ্জীয়ন করা কর্মচারীর সংখ্যা নয় শতাংশ বৃদ্ধি পেয়েছে । নতুন করে পঞ্জীয়ন করা কর্মচারীদের

মধ্যে দশ লক্ষেরও বেশি কর্মচারীর বয়স ২৫ বছর । এদিকে তিন লক্ষ ৯১ হাজার মহিলা কর্মচারী এই প্রকল্পের অধীনে নাম পঞ্জীয়ন করেছেন । এছাড়া ৬৪ জন তৃতীয় লিঙ্গের কর্মচারীও নাম পঞ্জীয়ন করেছেন বলে রাজ্য বীমা নিগম সূত্রে জানানো হয়েছে ।

-----------------------------------------------------------------------------------------

দেশের বিভিন্ন প্রান্তে আজ দেশের প্রথম মহিলা প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর জন্ম দিবস পালন করা হয় । করিমগঞ্জ জেলায়ও আজ ইন্দিরাভবনে আয়োজিত এক অনুষ্ঠানে কংগ্রেস কর্মীরা প্রাক্তন প্রধানমন্ত্রীকে শদ্ধার সঙ্গে স্মরণ করা হয় ।এ উপলক্ষে একটি আলোচনা সভারও আয়োজন করা হয় ।সভায় করিমগঞ্জ জেলা কংগ্রেস সভাপতি রজত চক্রবর্তী সহ দলীয় কর্মকর্তারা উপস্থিত ছিলেন ।

-----------------------------------------------------------------------------------------

বরাক উপত্যকার ঐতিহ্যবাহী শ্রী শ্রী শ্যামানন্দ আশ্রমের কর্তা বাবা গতরাত্রে দেহত্যাগ করেছেন । ভক্তদের বক্তব্য অনুযায়ী তাঁর বয়স হয়েছিল আনুমানিক একশো বছর । উল্লেখ্য- সেইসময়ে আশ্রম প্রাঙ্গণে উপস্থিত অন্যান্যদের মধ্যে শিলচর রামকৃষ্ণ মিশনের সম্পাদক গণধীশানন্দজী মহারাজ বলেন যে- শিলচর শ্যামানন্দ বাবার আশ্রম বা সন্ন্যাসী বাবার আশ্রম এই অঞ্চলের একটি অন্যতম আশ্রম হিসেবে পরিচিত । শ্রী শ্রী শ্যামানন্দ বাবার দেহত্যাগের পরবর্তী সময় থেকেই কর্তা বাবা এই আশ্রমের প্রধান হিসেবে ছিলেন । কুড়ি বছর বয়সে সংসার জীবন ছেড়ে তিনি এই আশ্রমে সন্ন্যাস জীবন যাপন করতে আরম্ভ করেন । লোকমুখে জানা যায় যে- বিগত আশি বছর যাবৎ তিনি আশ্রমের পেছন দিকের একটি অন্ধকার ঘরে মৌনব্রত পালন করে একাকী জীবন যাপন করে গেছেন । তিনি কারো সঙ্গে দেখা করতেন না । সে ঘরে থেকে আজীবন ঈশ্বর আরাধনায় মগ্ন ছিলেন । তাঁর দেহরক্ষার খবর পেয়ে আজ ভোরবেলা থেকেই আশ্রম প্রাঙ্গণে হাজার হাজার ভক্তের সমাগম হয়েছে । পরে শ্যামানন্দ বাবার মন্দির প্রাঙ্গণেই তাঁর নশ্বর দেহ সন্ন্যাসী ধারার নিয়ম অনুযায়ী সমাধিস্থ করা হয়েছে । আশ্রমের এক সূত্রে জানা গেছে যে- এই কর্তা বাবার নাম ছিল জীতেন্দ্র ব্রহ্মচারী ।

-----------------------------------------------------------------------------------------

কাছাড়ের জেলা আয়ুক্ত মৃদুল যাদব জেলার জনস্বাস্থ্য ও সড়ক নিরাপত্তা সুনিশ্চিত করতে গতকাল এক উচ্চপর্যায়ের বৈঠকে মিলিত হন ।বৈঠকে সড়ক নিরাপত্তা বিষয় নিয়ে উদ্বেগ প্রকাশ করা হয় এই ক্ষেত্রে পদক্ষেপ গ্রহণ করার জন্য বেশ কিছু প্রস্তাব গৃহীত হয় ।জেলা আয়ুক্ত শ্রী যাদব সড়ক দূর্ঘটনা প্রতিরোধ করতে একটি রোডম্যাপও সভায় উপস্থাপন করেন ।বৈঠকে জেলার স্বাস্থ্যসেবার বিভিন্ন ত্রুটি চিহ্নিত করে সবার

কাছে পরিষেবা পৌছে দেওয়ার বিষয়টি খতিয়ে দেখা হয় ।জেলা আয়ুক্ত গতকাল উধারবন্দ ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রো পরিদর্শন করেন ।

-----------------------------------------------------------------------------------------

করিমগঞ্জের পুরপতি পৌর এলাকার উন্মুক্ত স্থানে মলমূত্র ত্যাগ করতে নিষেধাজ্ঞা জারি করেছেন । এক বিজ্ঞপ্তিতে তিনি জানিয়েছেন যে স্বচ্ছ ভারত ( নগর ) ’র অধীনে করিমগঞ্জ পৌর এলাকার জনগণকে ব্যক্তিগত শৌচালয় প্রদান করা হয়েছে এবং জনসাধারণের সুবিধার্থে শহরের বিভিন্ন স্থানে গণ শৌচালয় বা পাবলিক টয়লেট নির্মাণ করা হয়েছে ।এই আদেশ অমান্য করলে ৫০০ টাকা পর্যন্ত জরিমানা আদায় করা হবে বলে বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে ।

-----------------------------------------------------------------------------------------

করিমগঞ্জের আকবরপুর কৃষিবিজ্ঞান কেন্দ্রের উদ্যোগে এবং গুয়াহাটী কোকনাট ডেভেলপমেন্ট বোর্ড আঞ্চলিক কার্যালয়ের সহযোগিতায় আজ বৈজ্ঞানিক প্রযুক্তিতে নারিকেল চাষ নিয়ে এক দিবসীয় কর্মশালা অনুষ্ঠিত হয়েছে ।আজ করিমগঞ্জের বিপিনচন্দ্র পাল প্রেক্ষাগৃহে জেলার বিভিন্ন এলাকার নারিকেল চাষিদের নিয়ে এই কর্মশালা অনুষ্ঠিত হয়েছে ।কর্মশালায় করিমগঞ্জ কৃষিবিজ্ঞান কেন্দ্রের প্রধান ডঃ পুলকাভ চৌধুরী , জেলা কৃষি আধিকারীক স্বরূপানন্দ দত্ত , হাইলাকান্দি কৃষি বিজ্ঞান কেন্দ্রের প্রধান ডঃ যোগেশারাধ্যা , কাছাড় কৃষিবিজ্ঞান কেন্দ্রের প্রধান ডঃ হিমাংশু মিশ্র প্রমুখ উপস্থিত ছিলেন ।

-----------------------------------------------------------------------------------------